

ফতওয়া নং ৪৫০

প্রশ্ন

দোকানে আগরবাতি জ্বালানো কি জায়েজ? প্রতিদিন সকালে দোকান পরিষ্কার করে নিয়মিত আগরবাতি জ্বালানোর একটা মুসলমানের কি সম্পর্ক থাকতে পারে? যদি সুগন্ধর জন্য জ্বালানো হয় তাহলে এটা যে কোনো সময় জ্বলাইনা কেন? দোকানে সকালে বা সকাল সন্ধ্যায় আগরবাতি জ্বালালে কি বরকত হবে? এই বিশ্বাসাসের সাথে ইসলামের কোনো সম্পর্ক আছে ?

উত্তর:

ইসলামে আগরবাতি ও ধূপশলা জ্বালানো বৈধ কি বৈধ নয় তা নির্ভর করে ব্যক্তির বিশ্বাস ও উদ্দেশ্যের উপর। এসব জ্বালানোর পেছনে যদি তার আপত্তিকর কোন বিশ্বাস বা উদ্দেশ্য না থাকে বরং নিছক সুগন্ধি গ্রহণ কিংবা দুর্গন্ধ দূরীকরণই উদ্দেশ্য হয় তাহলে তাতে কোনো বিধি নিষেধ নেই। কিন্তু ব্যবসা-বাণিজ্যে অধিক লাভ বা কল্যাণের উদ্দেশ্যে বা বিধর্মীদের অনুকরণে এরূপ আগরবাতি জ্বালালে তা অবশ্যই না জাইয হবে। (আল মাসাইলুল মুহিম্বাহ্...৭/২৫ পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।
১১ সফর, ১৪৪৬ হিজরী (17/08/2024)